

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-১)-২৯৬

তারিখ: ১৬.০৪.২০২০খ্রি.

বিষয়: করোনাভাইরাস সংক্রমিত রোগী চিকিৎসার জন্য প্রস্তুতি গ্রহণ।

বিশ্বব্যাপী করোনাভাইরাসের প্রাদুর্ভাব এবং বাংলাদেশে ক্রমাগত করোনারোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বিদ্যমান করোনা ডেডিকেটেড হাসপাতালের সম্প্রসারণ অপরিহার্য হয়ে পড়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সানুগ্রহ সম্মতিক্রমে ঢাকা মহানগরে অবস্থিত নিম্নলিখিত ৪টি হাসপাতাল-কে COVID-19 ডেডিকেটেড হাসপাতাল হিসাবে ঘোষণা করা হলো:

- (ক) শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট;
- (খ) মুগদা জেনারেল হাসপাতাল;
- (গ) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল এবং
- (ঘ) শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।

০২। এমতাবস্থায় উল্লেখিত হাসপাতালসমূহের সকল রোগীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর, সুচিকিৎসা নিশ্চিত করা এবং খালিকৃত হাসপাতালগুলোকে COVID-19 হাসপাতাল হিসাবে প্রতিষ্ঠার সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। এ আদেশ দ্বারা সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখার গত ১৪/০৪/২০২০খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-১)-২৮৮ সংখ্যক পত্রটি বাতিল করা হলো।

16-04-2020
(মোঃ মারুফুর রশিদ খান)
উপসচিব
ফোন-৯৫৫৬৯৮৯

বিতরণ:

- (১) পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
- (২) পরিচালক, শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট, ঢাকা।
- (৩) পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৪) পরিচালক, মুগদা জেনারেল হাসপাতাল, ঢাকা।
- (৫) পরিচালক, শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- (৩) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (৪) পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- (৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- (৭) অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- (৮) অফিস কপি।